রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে মে, ১৯৯৩/১১ই জ্যৈষ্ঠ, ১৪০০

এস, আর, ও নং ৯৫-আইন/৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (ভূমি আপীল বোর্ড) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা, কোন পদে নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



মূল্যঃ টাকা ৩.০০

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বুঝাইবে এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(২৩) এর প্রেক্ষিতে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে ;

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন ব্যক্তিকে কোন পদে এড-হক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন সময়ের জন্য তাহার বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি--

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না , যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকা-কালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(৩) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূণ্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এইরূপে এক বা একাধিকবারে সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ বা কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিশকে কোন পদে স্থায়ী করা হইবে না, যে পর্যন্ত তিনি, সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাশ করেন ও প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপন করেন।

৭। কতিপয় পদে নিয়োগ সম্পর্কে বিশেষ বিধান।—সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বৎসর হওয়া সাপেক্ষে, তফসিলের—

(ক) ক্রমিক নং ৫ ও ৬ তে উল্লিখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে Stenographers and Steno-typists (Ministries, Divisions and Departments) Recruitment Rules, 1978 (সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬-৩-৭৮ তারিখের প্রজ্ঞাপন নং S.R.O. 109-L/78/ED/SWIII-18/78-128) এর বিধানাবলী প্রযোজ্য হইবে; এবং

(খ) ক্রমিক নং ৭, ১২, ১৩, ১৪ এবং ১৫ তে উল্লিখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে L.D.A-cum-typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Despatch Rider and MLSS (Ministries, Divisional and attached Departments) Recruitment Rules, 1985 (সংস্থাপন মন্ত্রণালয়ের ১২-৩-৮৫ইং তারিখের প্রজ্ঞাপন নং SRO-127-L/85-1982) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

তফসিল

(বিধি ২(খ) দ্রষ্টব্য)

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সচিব | .. | প্রেষণে বদলীর মাধ্যমে। | (১) সরকারের উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কোন ক্যাডারভুক্ত হইতে হইবে এবং<br>(২) তুলি সংক্রান্ত বিষয়ে পর্যাপ্ত অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ২ | শাখা প্রধান | .. | (ক) শতকরা ৪০ ভাগ পদ শাঁটলিপিকার, লাইব্রেরীয়ান এবং উচচমান সহকারী পদ ধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) শতকরা ৬০ ভাগ পদ প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির জন্য :—<br>ফিডার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>প্রেষণে বদলীর জন্য :—<br>বাংলাদেশ সিভিল সার্ভিসের কোন ক্যাডারভুক্ত পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা হইতে হইবে। |
| ৩ | লাইব্রেরীয়ান | অনূর্ধ ৩০ বৎসর | সহকারী লাইব্রেরীয়ান হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :—<br>ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য :-<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী-সহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | উচ্চমান সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | (ক) শতকরা ৫০ ভাগ পদ সাঁট মুদ্রাক্ষরিক এবং নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :—<br>ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য :-<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৫<br>৬<br>৭ | সাঁটলিপিকার<br>সাঁটমুদ্রাক্ষরিক<br>নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক। | এই সকল পদে নিয়োগের ক্ষেত্রে বিধি ৭ এর বিধান অনুসরণ করিতে হইবে। | | |
| ৮ | সহকারী লাইব্রেরীয়ান | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং লাইব্রেরী সায়েন্স সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| ৯ | হিসাব সহকারী/ক্যাশিয়ার। | ঐ | ঐ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০ | ড্রাইভার | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাসসহ হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সধারী হইতে হইবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ক্যাশ সরকার | ঐ | এম, এল, এস ,এস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :— ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের জন্য :- কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ১২ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর। | এই সকল পদে নিয়োগের ক্ষেত্রে বিধি ৭ এর বিধান অনুসরণ করিতে হইবে। | | |
| ১৩ | দপ্তরী | | | |
| ১৪ | ডেসপাচ রাইডার | | | |
| ১৫ | এম, এল, এস, এস | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে
আমিনুল ইসলাম
সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।